

# স্কুলে বুলিং প্রতিরোধে সচেতন থাকার আহ্বান

## ‘রোড টু ওয়েলনেস’ আলোচনায় বক্তারা

### ■ ইত্তেফাক রিপোর্ট

বুলিং বা শারীরিক ও মানসিকভাবে অপদস্থ করা প্রতিরোধে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের সচেতন থাকার আহ্বান জানিয়েছেন শিক্ষক ও সংশ্লিষ্টরা। গত শনিবার রাজধানীর ইউনাইটেড সিটিতে ‘স্যার জন উইলসন স্কুল’ আয়োজিত ‘রোড টু ওয়েলনেস’ আলোচনাসভায় এ আহ্বান জানানো হয়। অনুষ্ঠানে বক্তারা বলেন, বুলিং শিশুর জন্য মারাত্মক ক্ষতিকর। এ বিষয়ে সচেতনতার অভাব শিশুর বিকাশে মারাত্মক প্রতিবন্ধকতা তৈরি করে। শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের পাশাপাশি সমাজকেও এ নিয়ে সচেতন থাকতে হবে। এই সচেতনতাই শিশুর সুন্দর ভবিষ্যৎ নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আলোচনা অনুষ্ঠানে বিশেষজ্ঞদের পাশাপাশি অভিভাবক, শিক্ষার্থী ও স্যার জন উইলসন স্কুলের

সাবেক শিক্ষার্থীরা অংশ নেন। আলোচনা শেষে ভিন্নধর্মী আয়োজনের মাধ্যমে বুলিংয়ের ক্ষতিকর দিক ও প্রতিরোধে করণীয় সম্পর্কে ধারণা নেন অংশগ্রহণকারীরা।

সাইকোলজিক্যাল হেলথ অ্যান্ড ওয়েলনেস কেয়ার লিমিটেডের (পিএইচডাব্লিউসি) লাজিনা আমিন, সুবিধাবঞ্চিত শিশুদের নিয়ে কাজ করা সংস্থা ওয়ান সার্কলের প্রতিষ্ঠাতা সভাপতি ফারিন দৌলা বুলিং ও শিশুর মানসিক ও শারীরিক বিকাশ নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে বিশেষজ্ঞদের আলোচনার পাশাপাশি শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীরা নিজেদের অভিজ্ঞতা ও মতামত তুলে ধরেন। ‘আর্ট থেরাপিউটিক’, ‘স্টোরি কর্নার’, ‘গো গ্রিন উইথ টেরাহোপ ক্লাব’, ‘ওয়াকথন’ এবং ‘কমেডি সার্কেল’ নামে সৃজনশীল আয়োজনের মাধ্যমে বেশ আকর্ষণীয়ভাবে বুলিংয়ের ক্ষতিকর দিক ও এর প্রতিকারগুলো তুলে ধরা হয় অনুষ্ঠানে।